**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা পরিষদ কার্যালয়**
**ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।**

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | **উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | ঃ | মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ ও সময়ঃ | | ১৩ ডিসেম্বর ২০২৩ সময়: বেলা ১২ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

**(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)**

**উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।**

১ **বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ**

**উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।**

২ **উপজেলা প্রকৌশল দপ্তরঃ**

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৫টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ৮ (আট)টি সরকারি প্রাথমিক বিদ্যালয়য়ের কাজ চলমান। IRIDP-৩ প্রকল্পের আওতায় ০৪ (চার) টি রাস্তার কাজ চলমান। GOBM আওতায় ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের ১ (এক)টি রাস্তার কাজ চলমান। RCIP প্রকল্পের মাধ্যমে বাসস্ট্যান্ড থেকে বাগভান্ডার রাস্তার কাজ চলমান। সভায় আলোচনান্তে মুজিব শতবর্ষে ভূমিহীন পরিবারের জন্য নির্মিত গৃহ সমূহের সংযোগ ও অভ্যন্তরীণ সড়ক উন্নয়নের জন্য প্রস্তাবিত যে সকল সড়কের আইডি নাই সে সকল সড়কের নতুন আইডি ভূক্ত করণের প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় আরো জানান চৌধুরী বাজারে হাট সেড নির্মাণের স্বার্থে বাজারে অবস্থিত গাছটি জরুরী ভিত্তিতে কর্তন করা প্রয়োজন।

সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান উপজেলাধীন বিভিন্ন রাস্তার পার্শ্বে যত্রতত্র অনুমোদন বিহীন পুকুর খনন করায় রাস্তা ভেঙ্গে পুকুরে চলে যাচ্ছে। ফলে একদিকে যেমন সরকারি অর্থের অপচয় হচ্ছে অপর দিকে জনসাধারণ দূর্ভোগের শিকার হচ্ছে। বিধায় রাস্তার পার্শ্বে কেউ যাতে অনুমোদন ব্যতিত পুকুর খনন করতে না পারে সে বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা চালানোর জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। তিনি সভায় বাসস্ট্যান্ড থেকে ধলডাঙ্গা পর্যন্ত রাস্তার কাজের ঠিকাদার যেন কাজে গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করেন সে দিকে নজরদারী অব্যাহত করার জন্য সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কড়িগ্রামকে অনুরোধ জানান। তাছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরে গৃহীত এডিপি প্রকল্পগুলোর গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সভায় সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ চৌধুরী বাজারে হাট সেড নির্মাণের স্বার্থে বাজারে অবস্থিত গাছটি বিধি মোতাবেক কর্তনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে গৃহীত এডিপি প্রকল্পগুলোর গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলাধীন বিভিন্ন রাস্তার পার্শ্বে যত্রতত্র অনুমোদন বিহীন পুকুর খনন না করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩ **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় বাসস্ট্যান্ড থেকে ধলডাঙ্গাগামী রাস্তার কাজ শুরু হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় সাদ্দাম মোড় থেকে হাসপাতাল পর্যন্ত রাস্তাটি মেরামত/সংস্কারের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান বর্ণিত রাস্তাটির কাজ দ্রুত

শুরু হবে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান আবারো ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সভায় তিনি সকলকে সর্তক থাকার পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ **উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ**

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় জানান বর্তমানে উপজেলা সদরে বেওয়ারিশ কুকুরের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। বেওয়ারিশ কুকুর থেকে সবাইকে সাবধান থাকার জন্য ইউপি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচার-প্রচারণা চালানোর অনুরোধ জানান। তাছাড়া তিনি সভায় আরো জানান বর্তমানে উপজেলাধীন বিভিন্ন হাট-বাজারে মাংস বিক্রেতাগণ খোলা-মেলা পরিবেশে মাংস বিক্রি করে থাকেন। ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হয়। তিনি এ বিষয়ে মাংস বিক্রেতাগণকে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত ঃ বেওয়ারিশ কুকুর থেকে সবাইকে সাবধান থাকার জন্য ইউপি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচার-প্রচারণা চালানোর অনুরোধ জানানো হয়। উপজেলাধীন বিভিন্ন হাট-বাজারে মাংস বিক্রেতাগণ যেন খোলা-মেলা পরিবেশে মাংস বিক্রি না করেন সেজন্য মাংস বিক্রেতাগণকে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৫ **উপজেলা শিক্ষা অফিস ঃ**

উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষা বিভাগ যথাযথ কার্যক্রম পরিচালনা করে আসছেন। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান ইতোমধ্যে শিক্ষা কমিটির মেয়াদ শেষ হয়ে গেছে। দীর্ঘদিন অতিবাহিত হলেও পুনরায় শিক্ষা কমিটি গঠন না করায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয়। প্রাথমিক শিক্ষা ব্যবস্থা নাজুক হওয়ায় সভায় উপস্থিত সকল সদস্য উষ্মা প্রকাশ করেন। উপজেলা পরিষদের সকল কর্মকর্তাকে প্রতি সপ্তাহে একটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত সময়ে শিক্ষা কমিটি গঠন না করায় সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল কর্মকর্তাকে প্রতি সপ্তাহে একটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত হয়। নির্ধারিত সময়ে শিক্ষা কমিটি গঠন না করায় সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা পরিষদের সকল কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ **উপজেলা রিসোর্স সেন্টার ঃ**

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ **উপজেলা কৃষি অফিস ঃ**

উপজেলা কৃষি অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। চলতি মৌসুমে ১৬৮৫০ হেক্টর জমিতে রোপা-আমন লাগানো হয়েছে। ইতোমধ্যে আমন ধান কাটা শুরু হয়ে গেছে। ফলন ভালো হয়েছে।

সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখাসহ আসন্ন বোরো মৌসুমে কৃষকদেরকে প্রয়োজনীয় সহায়তার জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ **উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ খাদ্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান এ বছর ভূরুঙ্গামারী উপজেলায় এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল ভালো। তিনি সভায় আরো জানান নতুন বছরে পাঠ্যপুস্তক ইতোমধ্যে বিদ্যালয় পর্যায়ে বিতরণ শুরু হয়েছে। নতুন বছরের শুরুতেই শিক্ষার্থীগণ পাঠ্যপুস্তক হাতে পাবেন।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক

আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩ **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী সভায় জানান তিনি সদ্য এ উপজেলায় যোগদান করেছেন। এ উপজেলায় কর্মকালীন সময়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সদ্য যোগদানকৃত উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারীকে স্বাগত জানান এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আশে-পাশের জায়গাগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার জন্য অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আশে-পাশের জায়গাগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**

উপজেলা পরিসংখ্যান অফিসার এর প্রতিনিধি সভায় জানান পরিসংখ্যান বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ পরিসংখ্যান বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ **ইসলামিক ফাউন্ডেশন ঃ**

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ **উপজেলা সমাজসেবা অফিস ঃ**

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান উপজেলাধীন ৫১০ জন বিভিন্ন ভাতাভোগীর মৃত্যুর তালিকা পাওয়া গেছে। তাদের স্থলে নতুন ভাতাভোগী অন্তর্ভূক্ত করা প্রয়োজন। আজ কালের মধ্যে নতুন ভাতাভোগীর তালিকা প্রেরণের জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সভায় উপজেলা নির্বাহী অফিসার নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে দ্রুত তালিকা প্রেরণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ নতুন ভাতাভোগীর তালিকা প্রেরণের জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ **পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ **কাস্টমস বিভাগ ঃ**

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য এবং হীত প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের জন্য **সভায়** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ **মৎস্য বিভাগঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ মৎস্য বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ **পরিবার পরিকল্পনা বিভাগঃ**

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ ঃ পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩ **সমবায় বিভাগঃ**

উপজেলা সমবায় অফিসার সভায় ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ সমবায় বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ **আইসিটি বিভাগঃ**

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকলকে স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান। জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্য তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/সংশ্লিষ্ট (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ **বনবিভাগ ঃ**

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। তিনি সভায় আরো জানান তার দপ্তরের সামনে ভবনের উপর হেলেপড়া মেহগনি গাছটি কর্তনের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংক ভবনের উপর হেলেপড়া মেহগনি গাছটি কর্তনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য তাকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার/ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ **মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ**

সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান এ উপজেলায়

বীরমুক্তিযোদ্ধাদের কার্যক্রম যথারীতি চালু রয়েছে। কোন অসুবিধা নেই।

সিদ্ধান্ত ঃ বীরমুক্তিযোদ্ধাদের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ **বিএডিসি (সেচ) ঃ**

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।
বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০ **পাথরডুবী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ পাথরডুবী ইউনিয়ন পরিষদসহ অন্যান্য ইউনিয়ন পরিষদের কার্যক্রমকে সর্বাক্ষনিক গতিশীল রাখার জন্য সভায় চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১ **উপজেলা পরিষদঃ**

(ক) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান প্রাথমিক শিক্ষা ব্যবস্থা স্থবির হয়ে পড়েছে। উপজেলা শিক্ষা অফিসার কর্মস্থলে প্রায়শঃই অনুপস্থিত থাকেন। তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। বিভাগীয় দপ্তরগুলোতে স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হয় না। সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের জন্য তিনি সভায় বিভাগীয় দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় সকল দপ্তর প্রধানগণকে বিগত ৬ (ছয়) মাসের স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী আগামী ১৫ (পনের) দিনের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ সকল দপ্তর প্রধানগণকে বিগত ৬ (ছয়) মাসের স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী আগামী ১৫ (পনের) দিনের মধ্যে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ ভাইস চেয়ারম্যান/বিভাগীয় দপ্তর প্রধানগণ ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
(খ) উপজেলাধীন ইউনিয়ন পরিষদ সমূহে সরকারি নির্দেশনা মোতাবেক অর্থাৎ নির্ধারিত প্রমাপ অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন না হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় উষ্মা প্রকাশ করেন। সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আন্তরিকতার সাথে সরকারি প্রমাপ অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।
সিদ্ধান্ত ঃ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সরকারি প্রমাপ অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
(গ) উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবি দিবস ও ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস-২০২৩ এর সকল কর্মসূচিতে স্বতঃস্ফুর্ত ভাবে অংশগ্রহণ করার জন্য বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সভায় অনুরোধ জানান। তিনি সভায় আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সকলকে সতর্ক থাকার আহবান জানান। তিনি সকলকে আচরণ বিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করেন।

**(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা গত নভেম্বর/২০২৩ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে বিধায় তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।**

**মাসের নাম ঃ নভেম্বর ২০২৩**

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে নভেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১০০০/- |
| ১১. | মোঃ আবুল হোসেন, উপজেলা পরিষদ ক্যান্টিন, ভূরুঙ্গামারীকে নভেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |

| | | |
|---|---|---|
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারীকে নভেম্বর/২০২৩ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ শাহিনুর আলম, টেকনিশিয়ান, ইউএনও অফিস, নভেম্বর/২০২৩ মাসের মডেম রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৬৩০০/- |
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী নভেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিষ্কারকরণের মজুরী বিল প্রদান | ৭,০০০/- |
| ১৫. | মোঃ শওকত হোসেন শুভ, ম্যানেজার রিগেল ফার্নিচার, ভূরুঙ্গামারী। স্টিলের আলমিরা সরবরাহের বিল(ভ্যাটসহ) | ২৫০০০/- |
| ১৬. | মোঃ আঃ লফিত ইউপি সদস্য, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদ ভবনের সেপ্টিক ট্যাং পরিষ্কার করণ ও মেরামত করণ | ১০০০০০/- |
| ১৭. | মোঃ বারেক আলী, ইউপি সদস্য, তিলাই। উপজেলা পরিষদের ৬নং ভবনের 'ক' ইউনিট মেরামত/সংস্কার করণ ও রং করণ | ২০০০০০/- |
| ১৮. | মোঃ নুর জামাল, নুরীয়া ইলেকট্রিক, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদ অডিটরিয়ামের জন্য সিলিং ফ্যান সরবরাহ করণ। | ২৪১৫০/- |
| ১৯. | মোঃ নুর জামাল, নুরীয়া ইলেকট্রিক, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদ অডিটরিয়ামের জন্য সিলিং ফ্যান সরবরাহ করণ। | ২৪১৫০/- |
| ২০. | বিজ্ঞাপন ম্যানেজার, দ্যা ডেইলি ট্রাইবুনাল, ঢাকা। ৪টি ইউপি মেরামত দরপত্র বিজ্ঞপ্তি নং-৪/২০২২-২৩ এর বিল | ১৯৯৮২/- |
| ২১. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের সময়, ঢাকা। ভূরুঙ্গামারী হাট-বাজারের রাস্তা মেরামত দরপত্র বিজ্ঞপ্তি নং-১/২০২৩-২৪ এর বিল | ১২৪২০/- |
| ২২. | বিজ্ঞাপন ম্যানেজার, দ্যা বাংলাদেশ টুডে, ঢাকা। ভূরুঙ্গামারী হাট-বাজারের রাস্তা মেরামত দরপত্র বিজ্ঞপ্তি নং-১/২০২৩-২৪ এর বিল | ৭৪২৪/- |

**সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।**

**সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হয়। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্পসহ গৃহীত অন্যান্য প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সভায় সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়।**

**পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৩-১২৭৪

তারিখঃ ২৮ অগ্রয়হাণ ১৪৩০
১৩ ডিসেম্বর ২০২৩

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ ১৫ শ্রাবণ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ........................................................................................ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ................................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ........................................................................................................................................
১২। অফিস কপি।

১৩/১২/২৩

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।